17

দৈনিক খবর

তারিখ 23 MAY 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

# আইসিএসটিইডি ৩য় বিশ্বের সমস্যা মোকাবিলায় অনন্য গবেষণা প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে

## অধ্যাপক আবদুস সালামের আশাবাদ

বাসস জানায় ঃ নোবেল বিজয়ী পদার্থ বিজ্ঞানী অধ্যাপক আবদুস সালাম আশা প্রকাশ করেছেন যে, ঢাকায় প্রস্তাবিত ঘনবসতিপূর্ণ অঞ্চলসমূহের জন্যে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ সংক্রান্ত আন্তর্জাতিক কেন্দ্র (আইসিএসটিইডি) বাংলাদেশসহ তৃতীয় বিশ্বের দেশগুলোর সমস্যাবলী মোকাবেলায় অবদান রাখার ক্ষেত্রে একটি অনন্য গবেষণা প্রতিষ্ঠান হিসেবে কাজকরবে।

গতকাল আইসিএসটিইডি–এর ভিতপাথর অনুষ্ঠানে বক্তৃতাকালে অধ্যাপক সালাম বলেন, আইসিএসডিইডি বিশ্বের ঘনবসতিপূর্ণ অঞ্চলসমূহের প্রেক্ষাপটে বিশ্বব্যাপী পরিচালিত সফল ও মূল্যবান গবেষণার ফলাফল প্রয়োগের মিশন রূপে উন্নয়নশীল দেশগুলোর একটি গবেষণা কেন্দ্র হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিশিষ্ট বিজ্ঞানীর সঙ্গে ঢাকার শেরেবাংলা নগরে প্রস্তাবিত আইসিএসটিইডি–এর ভিতপাথর স্থাপন করেন। তৃতীয় বিশ্বের বিজ্ঞান একাডেমীর সভাপতি অধ্যাপক সালামের প্রত্যক্ষ তত্ত্বাবধানে বিশ্বব্যাপী এ ধরনের যে ২০টি কেন্দ্র স্থাপিত হচ্ছে সেগুলোর মধ্যে এটি একটি।

অধ্যাপক সালাম বলেন, আইসিএসটিইডি–এর লক্ষ্য হবে বিজ্ঞান ও প্রযুক্তির মাধ্যমে বাংলাদেশের মত

*শেষ পৃষ্ঠায় ৫ম কলামে*

# আইসিএসটিইডি ৩য়

*প্রথম পৃষ্ঠার পর*

অঞ্চলসমূহের অবস্থাকে দ্রুত উন্নয়নশীল অঞ্চলসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ করে তোলা। তিনি বলেন, বাংলাদেশের মত অত্যন্ত ঘনবসতিপূর্ণ দেশগুলোতে বসবাসরত মানুষের কল্যাণ প্রয়োজন এবং এ মৌলিক অবস্থা মনে রেখে তাদের সমস্যাবলী যাচাই করতে হবে।

বাংলাদেশ সরকার কেন্দ্রটি নির্মাণের জন্য জমি দিচ্ছে। কেন্দ্রটির প্রাথমিক লক্ষ্য হবে ফলিত গবেষণার মাধ্যমে ঘনবসতিপূর্ণ অঞ্চলসমূহের সমস্যাবলী নিয়ে কাজ করা।

প্রাথমিকভাবে কেন্দ্রটিতে পরিবেশ ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, জনসংখ্যা নিয়ন্ত্রণ ও জৈব প্রযুক্তি, কম্পিউটার সফটওয়েরের উন্নয়ন এবং বস্তুগত বিজ্ঞানের মত পাঁচটি ব্যাপক ক্ষেত্রের ওপর গবেষণা পরিচালিত হবে। পাঁচটি ক্ষেত্রের প্রতিটিতে স্থানীয় ও বিদেশী উভয় বিজ্ঞানীরা কাজ করবেন।

অধ্যাপক সালাম বলেন, তিনি সবসময় অনুভব করেন যে, তৃতীয় বিশ্বের প্রকৃত সমস্যাবলীর স্থানীয় পর্যায়ে সমাধান করা প্রয়োজন।